



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

Bangladesh Madrasah Education Board, Dhaka.

www.bmeb.gov.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

নং-বামাশিবো/কমন/আর-৭১(অংশ-০২)/৩০৪২

তারিখ : ২৬/ ৭ /২০১৭ খ্রিঃ

অফিস আদেশ

অত্র বোর্ডের আওতাধীন মাদরাসা প্রধান ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেডিসি পরীক্ষা-২০১৭ শিক্ষাবর্ষ ২০১৭ এর রেজিস্ট্রেশন কার্ড আগামী ০৬/০৮/২০১৭ খ্রিঃ তারিখ থেকে আঞ্চলিক অফিস সমূহের মাধ্যমে বিতরণ করা হবে।

ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র সভাপতির মাধ্যমে স্ব স্ব মাদরাসা প্রধানগণ অথবা তাঁর প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধিকে (মাদরাসা প্রধান কর্তৃক সত্যায়িত স্বাক্ষরসহ) আবেদন পত্র দাখিল পূর্বক মাদরাসা বোর্ডের আঞ্চলিক কার্যালয় ও মাদরাসা বোর্ডের কমন শাখা থেকে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

তবে যেসকল প্রতিষ্ঠানের অধ্যক্ষ/সুপারের এবং ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র সভাপতির পদ নিয়ে জটিলতা রয়েছে সেসকল মাদরাসাকে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে স্ব স্ব মাদরাসা প্রধান অথবা তাঁর প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধি নির্ধারণ করতে হবে।

সংগৃহীত রেজিস্ট্রেশন কার্ডে কোন ভুল/ত্রুটি পরিলক্ষিত হলে সংশোধনের জন্য অনতিবিলম্বে যথাযথ কাগজপত্রসহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

(প্রফেসর মোঃ মজিবুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৮৬২৬১৩৮।

২৬/৭/১৭

নং-বামাশিবো/কমন/আর-৭১(অংশ-০২)/৩০৪২

তারিখ : ২৬/ ৭ /২০১৭ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ :

০১. জেলা প্রশাসক (সকল)।
০২. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
০৩. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৪. প্রোগ্রামার (আইসিটিসেল), বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
(তাঁকে বিজ্ঞপ্তি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও বহুল প্রচারের অনুরোধসহ)
০৫. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল (অধিকতর স্বচ্ছতা ও দক্ষতার সাথে দ্রুত রেজিস্ট্রেশন কার্ড বিতরণের ব্যবস্থা করার জন্য নির্দেশনা সহ)
০৬. অত্র বোর্ডের অধীনে সকল মাদরাসা প্রধানগণ।
০৭. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
০৮. অফিস কপি।

(মোঃ কামাল উদ্দিন)

উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৯৬৭৫৪০৩

২৬/৭/১৭